



## শনিবার চাঁদপুর সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দীর্ঘ ২২ বছর পর আগামী শনিবার (১৬ মে) চাঁদপুর সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। সফরকে ঘিরে জেলাজুড়ে চলছে ব্যাপক প্রস্তুতি এবং মানুষের মধ্যে তৈরি হয়েছে উৎসাহ-উদ্দীপনা।

সফরকালে তিনি দুটি খাল পুনঃখনন কার্যক্রম উদ্বোধন, ফ্যামিলি কার্ড বিতরণ এবং জেলা বিএনপির সাংগঠনিক সভায় অংশ নেবেন। এছাড়া বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতিও পর্যালোচনা করবেন।

নদীভাঙন, শিক্ষা প্রতিষ্ঠানের স্থায়ী ক্যাম্পাস সংকট, শিল্পায়ন ও কর্মসংস্থানের মতো দীর্ঘদিনের সমস্যার সমাধানে প্রধানমন্ত্রীর সফর নতুন আশা তৈরি করেছে স্থানীয়দের মধ্যে। বিশেষ করে চাঁদপুরে ইপিজেড স্থাপনের দাবিও নতুন করে সামনে এসেছে।

শিক্ষার্থী ও তরুণদের প্রত্যাশা, এই সফরের মাধ্যমে চাঁদপুর-কুমিল্লা সড়ক চার লেনে উন্নীতকরণ, পর্যটন খাতের উন্নয়ন এবং নতুন কর্মসংস্থানের বিষয়ে কার্যকর উদ্যোগ নেওয়া হবে। স্থানীয়রা মনে করছেন, প্রধানমন্ত্রীর এই সফর জেলার উন্নয়নে নতুন গতি আনতে পারে।

জেলা প্রশাসন জানিয়েছে, সফরের সব প্রস্তুতি প্রায় সম্পন্ন। একই সঙ্গে চাঁদপুর থেকে দেশের ২২ জেলায় ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধনও করবেন প্রধানমন্ত্রী।